# কৃষি অর্থনীতি বার্তা

বর্ষ-১, সংখ্যা- ১ এপ্রিল-সেপ্টেম্বর - ২০১৮

## বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির ষান্মাসিক মুখপত্র

## সম্পাদকীয়

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি কর্তৃক প্রথম বারের মত কৃষি অর্থনীতি বার্তা প্রকাশ করতে পেরে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি সকল কৃষি অর্থনীতিবিদকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

কৃষিই বাংলাদেশের সামগ্রিক অর্থনীতির প্রাণ। এদেশের মানুষ খাদ্য, বস্ত্র, বাসস্থান ও অন্যান্য মৌলিক চাহিদা পূরণের জন্য কৃষির উপর নির্ভর করে আসছে। বর্তমানে আমাদের দেশের জিডিপিতে কৃষি খাতের অবদান ১৪.১০% । বাংলাদেশের ১৬ কোটি মানুষের সর্বত্র সব ধরনের দারিদ্রের অবসান, ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন এবং টেকসই কৃষির প্রসার নিশ্চিত করতে কৃষি অর্থনীতিবিদগণ নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। বর্তমান কৃষক ও কৃষিবান্ধব সরকার আমাদের প্রিয় বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ ও টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়নের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে রূপান্তরিত করতে ব্যবসা-বাণিজ্যের প্রসারসহ কৃষিতে বিনিয়োগ বৃদ্ধিতে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। সরকারের বহুমুখী অর্থনৈতিক পরিকল্পনা বাস্তবায়ন, অর্থনীতির দ্রুতবিকাশ ও উন্নত অর্থনীতিতে রূপান্তরিত করতে কৃষি অর্থনীতিবিদদের গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার সুযোগ রয়েছে। কৃষি অর্থনীতিবিদগণ স্ব-স্ব ক্ষেত্রে তাঁদের কার্যক্রম আরও বেগবান করবেন বলে আমি বিশ্বাস করি।

## নতুন কার্যনির্বাহী পরিষদ (২০১৮-২০) এর দায়িত্ব গ্রহণ





১৫ মে ২০১৮ পামভিউ রেস্টুরেন্ট, ঢাকায় অনুষ্ঠিত ২০১৮-২০ মেয়াদের কার্যনির্বাহী পরিষদের সভাপতি ও মহাসচিবকে বিদায়ী সভাপতি ও মহাসচিব বরণ করেন

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদ (২০১৬-১৮) এর দায়িত্ব হস্তান্তর এবং কার্যনির্বাহী পরিষদ (২০১৮-২০) এর দায়িত্ব গ্রহণ অনুষ্ঠান গত ১৫ মে ২০১৮ ঢাকার পাম ভিউ রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদের (পুরাতন ও নতুন) সকল নেতৃবৃন্দ এবং সিনিয়র কৃষি অর্থনীতিবিদগণ যোগদান করেন। দায়িত্ব হস্তান্তর এবং গ্রহণ অনুষ্ঠানে ভবিষ্যৎ দিক নির্দেশনামূলক মূল্যবান বক্তব্য রাখেন প্রফেসর ড. এম এ সাত্তার মন্ডল, এমেরিটাস প্রফেসর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়; জনাব মোঃ ইয়াছিন আলী, সাবেক চেয়ারম্যান, বিডিডিএল; জনাব মোঃ আহসানুজ্জামান লিন্টু, সাবেক মহাসচিব, কার্যনির্বাহী পরিষদ (২০১৪-১৬), মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার; জনাব সাজ্জাদুল হাসান, সম্মানিত সভাপতি, কার্যনির্বাহী পরিষদ (২০১৮-২০), বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি এবং প্রফেসর ড. এম কামরুজ্জামান, মহাসচিব, কার্যনির্বাহী পরিষদ (২০১৮-২০)।

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সম্মানিত বিদায়ী সভাপতি প্রফেসর ড. শামসুল আলম ও মহাসচিব ড. মুজিবুল হক চুন্নু সংগঠনের নবনির্বাচিত নেতৃবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।



**কার্যনির্বাহী পরিষদের দায়িত্ব হস্তান্তর ও গ্রহণ অনুষ্ঠানে মূল্যবান বক্তব্য রাখেন বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির বিদায়ী সভাপতি প্রফেসর ড. শামসুল আলম**

## নতুন নির্বাচিত কার্যনির্বাহী পরিষদ (২০১৮-২০)

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদ (২০১৮-২০২০) এর নতুন কমিটি গঠিত হয়েছে।

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির ১৬তম জাতীয় সম্মেলনের সমাপনী অধিবেশনে ৩৪ সদস্য বিশিষ্ট এ কমিটি ঘোষিত হয়।

### বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি

কার্যনির্বাহী পরিষদ ২০১৮-২০২০

| ক্রম | পদের নাম | নির্বাচিত কর্মকর্তার নাম ও ঠিকানা |
|---|---|---|
| ১ | সভাপতি | জনাব সাজ্জাদুল হাসান<br>সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় |
| ২ | জেষ্ঠ্য সহ-সভাপতি | শুভংকর সাহা<br>সাবেক নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক |
| ৩ | সহ-সভাপতি | মো. আজিজুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (টেলিকম)<br>ডাক ও টেলিযোগাযোগ বিভাগ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| ৪ | সহ-সভাপতি | ড. মো. মিজানুর রহমান<br>ভাইস প্রেসিডেন্ট, ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. |
| ৫ | সহ-সভাপতি | প্রফেসর গোলাম হাফিজ কেনেডি<br>কৃষি অর্থসংস্থান বিভাগ<br>বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ |
| ৬ | সহ-সভাপতি | প্রফেসর ড. মিজানুল হক কাজল<br>ডিন, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ<br>শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা |
| ৭ | মহাসচিব | প্রফেসর ড. এম. কামরুজ্জামান<br>ডিন, কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ<br>বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় |
| ৮ | যুগ্ম মহাসচিব | শেখ মোহাম্মদ মাসউদ, ব্যবসায়ী |
| ৯ | যুগ্ম মহাসচিব | মো. দেলোয়ার হোসেন<br>উপ-পরিচালক, পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া |
| ১০ | কোষাধ্যক্ষ | মো. মনিরুজ্জামান<br>জেনারেল ম্যানেজার, জনতা ব্যাংক লি., বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ |
| ১১ | সাংগঠনিক সম্পাদক | মো. আরিফ আল হাসান বেঙ্গল<br>অ্যাসিসট্যান্ট জেনারেল ম্যানেজার, জনতা ব্যাংক লি., বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিন |

| ক্রম | পদের নাম | নির্বাচিত কর্মকর্তার নাম ও ঠিকানা |
|---|---|---|
| ১২ | দপ্তর সম্পাদক | গোবিন্দ কুমার ঘোষ<br>ডেপুটি ম্যানেজার (এইচআরএম)<br>ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানী অভ বাংলাদেশ লি. (ইজিসিবি) |
| ১৩ | প্রচার সম্পাদক | ড. এস এম মনিরুজ্জামান<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ বিভাগ, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা |
| ১৪ | সাংস্কৃতিক সম্পাদক | রেজোয়ানা কবির রাসা<br>সহকারী অধ্যাপক, কৃষি অর্থনীতি বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা |
| ১৫ | আর্ন্তজাতিক সম্পাদক | প্রফেসর ড. ফকির আজমল হুদা<br>কৃষি অর্থনীতি বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ |
| ১৬ | গবেষণা সম্পাদক | ড. মো. আব্দুস সালাম<br>উর্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি অর্থনীতি বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর |
| ১৭ | প্রকাশনা সম্পাদক | মিটুল কুমার সাহা<br>অ্যাসিসট্যান্ট জেনারেল ম্যানেজার (মার্কেটিং), হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, ঢাকা |
| ১৮ | সমাজকল্যাণ সম্পাদক | ড. ফওজিয়া ইয়াসমিন<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রযুক্তি হস্তান্তর ও মনিটরিং ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল |
| ১৯ | সহ-সম্পাদক | নুসরাত জাহান (নিপুন)<br>সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক |
| ২০ | সদস্য | ড. শামসুল আলম<br>সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন |
| ২১ | সদস্য | ড. মুজিবুল হক চুন্নু<br>জেনারেল ম্যানেজার (অবঃ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন |
| ২২ | সদস্য | শফিউল আলম বাবলু<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (অবঃ) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর |

| ক্রম | পদের নাম | নির্বাচিত কর্মকর্তার নাম ও ঠিকানা |
|---|---|---|
| ২৩ | সদস্য | জনাব আব্দুল্লাহ আল কাফী<br>জেনারেল ম্যানেজার (অবঃ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন |
| ২৪ | সদস্য | জনাব মো. জামাল উদ্দিন<br>ডেপুটি জেনারেল ম্যানেজার (অবঃ)<br>বাংলাদেশ কৃষি ব্যাংক |
| ২৫ | সদস্য | মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি<br>সচিব (পিআরএল) |
| ২৬ | সদস্য | জনাব ফজলুল হক<br>অতিরিক্ত সচিব (আর্থিক প্রতিষ্ঠান বিভাগ)<br>অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| ২৭ | সদস্য | জনাব আবুল কালাম আজাদ<br>অতিরিক্ত সচিব, রেল মন্ত্রণালয় |
| ২৮ | সদস্য | জনাব মো. মেসবাহুল ইসলাম<br>প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব)<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| ২৯ | সদস্য | মু. মুনিরুল ইসলাম<br>প্রধান পরিকল্পনা কর্মকর্তা, পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট |
| ৩০ | সদস্য | জনাব মোঃ আব্দুল আলিম মাহমুদ<br>পুলিশ কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ |
| ৩১ | সদস্য | প্রফেসর ড. জসিম উদ্দিন আহমেদ<br>ডিন, কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা অনুষদ<br>সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় |
| ৩২ | সদস্য | ড. ইসমত আরা বেগম<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি অর্থনীতি বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর |
| ৩৩ | সদস্য | ড. মাহমুদা আক্তার<br>কনসালটেন্ট, ক্রান্তি অ্যাসোসিয়েটস লি.<br>আদাবর, মোহাম্মদপুর, ঢাকা |
| ৩৪ | সদস্য | জনাব ফাইজুল ইসলাম |

## কার্যনির্বাহী পরিষদ এর প্রথম সভা



বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদের এর প্রথম সভা ৩০ মে ২০১৮

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদ এর প্রথম সভা ৩০ মে ২০১৮ বুধবার বিকেল ৪টায় কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি'র সম্মানিত সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয় এর সচিব জনাব সাজ্জাদুল হাসান উক্ত সভায় সভাপতিত্ব করেন।

সভায় কার্যনির্বাহী পরিষদের ২৭ জন সম্মানিত সদস্য অংশগ্রহণ করেন।

## কার্যনির্বাহী পরিষদ এর দ্বিতীয় সভা



কার্যনির্বাহী পরিষদ এর দ্বিতীয় সভা ২০ জুন ২০১৮

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদ এর দ্বিতীয় সভা ২০ জুন ২০১৮ বুধবার বিকেল ৫টায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি'র সম্মানিত সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয় এর সচিব জনাব সাজ্জাদুল হাসান উক্ত সভায় সভাপতিত্ব করেন।

সভায় কার্যনির্বাহী পরিষদের ২৪ জন সম্মানিত সদস্য অংশ গ্রহণ করেন।

## কার্যনির্বাহী পরিষদ এর তৃতীয় সভা



কার্যনির্বাহী পরিষদ এর তৃতীয় সভা ৭ জুলাই ২০১৮

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদ এর তৃতীয় সভা ০৭ জুলাই ২০১৮ শনিবার বিকেল ৪:০০টায় কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ এ অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি'র সম্মানিত সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব সাজ্জাদুল হাসান উক্ত সভায় সভাপতিত্ব করেন।

সভায় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিম্নরূপঃ

১। বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সাবেক মহাসচিব ড. মোঃ আব্দুল জব্বার এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি বিভাগের অবসরপ্রাপ্ত প্রফেসর আতিয়ার রহমান মোল্লা এর মৃত্যুতে শোক প্রস্তাব গৃহীত হয়।

২। সমিতির ফান্ড থেকে জনাব মোঃ শরিফুল ইসলাম এবং জনাব লক্ষণ-কে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে মোট ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

## কার্যনির্বাহী পরিষদ এর চতুর্থ সভা



কার্যনির্বাহী পরিষদ এর চতুর্থ সভা ১৭ আগস্ট ২০১৮

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদ এর চতুর্থ সভা ১৭ আগস্ট ২০১৮ শুক্রবার সকাল ১০টায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি), ফার্মগেট, ঢাকায় অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি'র সম্মানিত সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব সাজ্জাদুল হাসান উক্ত সভায় সভাপতিত্ব করেন।

## কার্যনির্বাহী পরিষদ এর পঞ্চম সভা

উক্ত সভায় গঠনতন্ত্র সংশোধনী প্রস্তাব উপস্থাপন করেন সমিতির মহাসচিব প্রফেসর এম. কামরুজ্জামান। উপস্থাপিত সংশোধনীর উপর বিস্তারিত আলোচনায় কিছু সংশোধনীসহ পরবর্তী বিশেষ সাধারণ সভায় উপস্থাপনার জন্য সর্বসম্মতিক্রমে অনমোদন দেয়া হয়।



**কার্যনির্বাহী পরিষদ এর পঞ্চম সভা ১২ সেপ্টেম্বর ২০১৮**

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদ এর পঞ্চম সভা ১২ সেপ্টেম্বর ২০১৮ বুধবার বিকেল ৫:৩০ টায় কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, ফার্মগেট, ঢাকা এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সম্মানিত জ্যেষ্ঠ সহ-সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের সাবেক নির্বাহী পরিচালক জনাব শুভঙ্কর সাহা উক্ত সভায় সভাপতিত্ব করেন।



**বিশেষ সাধারণ সভা আয়োজন উপলক্ষে প্রস্তুতি সভা**

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির বিশেষ সাধারণ সভা আগামি ২২ সেপ্টেম্বর ২০১৮ শনিবার সকাল ১০ টায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে এক প্রস্তুতি সভা ১৯ সেপ্টেম্বর ২০১৮ বুধবার সন্ধ্যা ৬ টায় কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি'র সম্মানিত সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব সাজ্জাদুল হাসান উক্ত সভায় সভাপতিত্ব করেন।

## ২০১৮-১৯ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট পর্যালোচনা শীর্ষক সেমিনার




**বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট পর্যালোচনা শীর্ষক সেমিনারের প্রধান অতিথি অর্থ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত এমপি-কে শুভেচ্ছা জ্ঞাপন**

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি'র উদ্যোগে ২০১৮-১৯ অর্থবছরের প্রস্তাবিত বাজেট পর্যালোচনা শীর্ষক এক সেমিনার ২২ জুন ২০১৮ শুক্রবার বিকেল ৩টায় কৃষি গবেষণা কাউন্সিল অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত এমপি। সভাপতিত্ব করেন বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সম্মানিত সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব সাজ্জাদুল হাসান। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য (সিনিয়র সচিব) ড. শামসুল আলম এবং মুখ্য আলোচক ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর এমেরিটাস প্রফেসর ড. এম এ সাত্তার মন্ডল। সেমিনারে স্বাগত ভাষন প্রদান করেন সেমিনার আয়োজন কমিটির আহবায়ক সাবেক সচিব জনাব মো. আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি এবং বক্তব্য প্রদান করেন সমিতি'র মহাসচিব প্রফেসর ড. এম কামরুজ্জামান।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় অর্থমন্ত্রী বলেন কৃষি গবেষণা ও সম্প্রসারনের সমন্বয়ের মাধ্যমে উদ্ভাবিত প্রযুক্তি স্বল্পতম সময়ের মধ্যে কৃষকের নিকট পৌছাতে হবে। সেক্ষেত্রে প্রয়োজন হলে কৃষকসহ সংশ্লিষ্টদের ভর্তূকীর আওতায় আনা যেতে পারে। এছাড়াও গবেষণাকে আরও শক্তিশালী করে শস্যের উৎপাদন ক্ষমতা আরও বৃদ্ধি করা প্রয়োজন।

মূল প্রবন্ধ উপস্থাপক প্রফেসর ড. শামসুল আলম তার উপস্থাপনায় বলেন টেকসই কৃষি উন্নয়নের একটি প্রধান লক্ষ্য হলো ২০৩০ সালের মধ্যে ক্ষুধা নির্মূল করা এবং সবার জন্য খাদ্যের সরবরাহ নিশ্চিত করা। বিশেষ করে দরিদ্র মানুষের জন্য খাদ্য ও পুষ্টির সরবরাহ নিশ্চিত করাই হচ্ছে টেকসই কৃষি উন্নয়নের আর একটি প্রধান লক্ষ্য। বৈরী আবহাওয়ার সঙ্গে খাপ খাওয়ানোর মতো কৃষি উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণের মাধ্যমে স্থায়িত্বশীল কৃষি ব্যবস্থার প্রবর্তন করা এর অপর একটি লক্ষ্য। অন্যান্য লক্ষ্যের মধ্যে আছে কৃষিজমিতে সবার অভিগম্যতা ও এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা, শস্য ও প্রাণিসম্পদের জীববৈচিত্র্য অক্ষুন্ন রাখা, বাণিজ্যের প্রতিবন্ধকতাসমূহ দূর করা এবং কৃষিখাতে বিনিয়োগ বৃদ্ধি করা ইত্যাদি।

তিনি আরও বলেন, কৃষিপণ্যের যথাযথ বাজার ব্যবস্থা গড়ে তুলতে না পারা এবং উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত না হওয়া কৃষি রূপান্তরের বড় বাধা। ফলে কৃষি ফসল খাতের প্রবৃদ্ধিও কমছে। বিভিন্ন সময় কৃষি পণ্যে ন্যায্যমূল্য নিশ্চিত না হওয়ায় কৃষকরা আগ্রহ হারিয়ে ফেলছেন। সরকারকে শুধু কৃষি উৎপাদন বাড়ানোর উদ্যোগ নিলেই চলবে না, কৃষিপণ্যের ন্যায্য দাম নিশ্চিত করতে হবে। কৃষককে ভর্তুকিসহ, উন্নত সার ও বীজের নিশ্চয়তা দিতে হবে। কৃষি যান্ত্রিকীকরণে ভর্তুকির পরিমাণ, মূল্যস্ফীতিকে বিবেচনায় নিয়ে নির্ধারণ করতে




**সেমিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন**

মুখ্য আলোচক প্রফেসর ড. এম এ সাত্তার মন্ডল বলেন কৃষিতে বিনিয়োগ বাড়ানোর জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা প্রয়োজন। মানসম্মত গবেষণা কর্মসূচি গ্রহণের মাধ্যমে উদ্ভাবিত প্রযুক্তি কৃষকের দোড়গোড়ায় পৌছানোর জন্য কৃষিশিক্ষা, গবেষণা ও সম্প্রসারণ এর মাঝে বিরাজমান সম্পর্ককে আরো বেগবান করতে হবে। সামগ্রিক কৃষি উৎপাদন এর গতি বাড়ানোর জন্য খামার যান্ত্রিকীকরণের একটি সমন্বিত কাঠামো তৈরী করা প্রয়োজন যেখানে খামার যন্ত্রপাতি তৈরী প্রতিষ্ঠান, সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান, কৃষক, আর্থিক প্রতিষ্ঠান এর মাঝে সুদৃঢ় সম্পর্ক সৃষ্টি হবে। সেই সাথে খামার যন্ত্রপাতি তৈরী শিল্পকে কৃষি খাতের অন্তর্ভূক্ত করা যেতে পারে। এছাড়াও ভর্তূকী প্রদানের পদ্ধতিগত পরিবর্তন সাধন করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

সভাপতির ভাষণে জনাব সাজ্জাদুল হাসান বলেন সামষ্টিকভাবে দারিদ্র বিমোচন, কর্মসংস্থান বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ তথা স্থিতিশীল ও ক্রমোন্নত প্রবৃদ্ধি অর্জনে সম্প্রসারণশীল বাজেটই প্রয়োজন। এছাড়া, প্রবৃদ্ধি অর্জনের বর্তমান লক্ষ্যমাত্রা সমুন্নত রাখতে গ্রাম ও শহরের আর্থ-সামাজিক স্থিতিশীলতা যেমন প্রয়োজন, তেমন জরুরি দৃঢ় ও দূরদর্শী রাজনৈতিক নির্দেশনা। এ প্রসঙ্গে তিনি বলেন বঙ্গবন্ধুও ঠিক একই রকম উক্তি করেছিলেন সহজ ভাষায়, ১৯৭৫ সালের ২৫ মার্চ, সোহ্‌রাওয়ার্দি উদ্যানে: "আমি চাই বাংলাদেশের প্রত্যেক কৃষক ভাইয়ের কাছে যারা সত্যিকার কাজ করে, যারা প্যান্ট-পরা, কাপড়-পরা ভদ্রলোক তাদের কাছেও চাই - জমিতে যেতে হবে, ডবল ফসল করুন। প্রতিজ্ঞা করুন, আজ থেকে ঐ শহিদদের কথা স্মরণ করে, ডবল ফসল করতে হবে। যদি ডবল ফসল করতে পারি, আমাদের অভাব ইনশাআল্লাহ্ হবে না।" জনাব হাসান আরও বলেন আমরা সৌভাগ্যবান যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে প্রত্যাশিত গতিতে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। দ্রুততম সময়ে আর্থ-সামাজিক উন্নয়নে বাংলাদেশের ঈর্ষণীয় সক্ষমতা আজ বিশ্ববাসীর 'উন্নয়ন-বিস্ময়'।

উন্নত দেশের পথে অভিযাত্রায় ক্রমশঃ কৃষিভিত্তিক বৃহৎ ও মাঝারি শিল্প তথা বাণিজ্যিক কৃষি সম্প্রসারণেও আমাদের মনোযোগী হতে হবে যাতে তা লাভজনক রপ্তানিমুখী শিল্পে পরিণত হয়। কৃষি উৎপাদনে কৃষকদের উৎসাহ ধরে রাখার জন্য, কৃষিপণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করা জরুরি। এ জন্য পণ্যমূল্যে সহায়তাও (price support) দরকার, যা কৃষিপণ্যের মূল্য সমর্থন ও সংগ্রহমূল্য নির্ধারণের মাধ্যমে হতে পারে। এক্ষেত্রে কৃষিপণ্যের উপযুক্ত মূল্য নির্ধারণের জন্য "প্রাইস কমিশন"এর বিষয়টি বিবেচনা করা যেতে পারে। একই ভাবে কৃষিভিত্তিক সমবায় প্রসারেও আমাদের অগ্রাধিকার দিতে হবে।




**বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সম্মানিত সভাপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব সাজ্জাদুল হাসান সেমিনারে সভাপতিত্ব করেন**

সেমিনার কমিটির আহবায়ক ও সাবেক সচিব জনাব আনোয়ারুল ইসলাম সিকদার বলেন বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি বিগত ৪১ বছরে বাংলাদেশের কৃষির নানাবিধ গুরুত্বপূর্ণ বিষয়ের উপরে এ পর্যন্ত ১৬টি জাতীয় এবং আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করেছে। কৃষির সমসাময়িক বিষয়াদিতে নীতিগত মতামত উপস্থাপন করেছে। কৃষি খাতকে এগিযে নিতে সর্বদা সচেষ্ট থেকেছে এই সমিতি।

সমিতি'র মহাসচিব প্রফেসর ড. এম কামরুজ্জামান তার বক্তব্যে বলেন বাংলাদেশে কৃষি অর্থনীতিবিদগনকে যথাযথ স্থানে পদায়ন করা হলে কৃষির অগ্রগতি আরো একদফা এগিয়ে যাবে। বিশেষ করে শিল্পপন্য বিপণন এবং কৃষি পণ্য বিপণনের মধ্যকার জ্ঞানগত পার্থক্যের কথা বিবেচনায় নিয়ে কৃষি বিপণন অধিদপ্তরকে পূণর্গঠন করে কৃষি অর্থনীতিবিদদের নিয়োগ প্রদান করা হলে কৃষি বিপণনের বর্তমান সমস্যা অনেকাংশেই সমাধান করা সম্ভব হবে ফলে কৃষি একটি লাভজনক খাত হিসেবে প্রতিষ্ঠিত হবে। কৃষিজ প্রবৃদ্ধি পাবে ফলশ্রুতে জাতীয় প্রবৃদ্ধির ভবিষ্যত লক্ষ্যমাত্রা অর্জনে আরো সহায়ক হবে। তিনি আরও বলেন এর মাধ্যমেই আগামী ২০২৫ সালের মধ্যে আমাদের জাতীয় প্রবৃদ্ধি ১০ শতাংশে উন্নীত করা সম্ভব হবে।

সেমিনারে সরকারের সচিব, বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও শিক্ষকবৃন্দ, সরকারের উচ্চ পদস্থ কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের বিজ্ঞানীবৃন্দ, বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান, উন্নয়ন প্রতিষ্ঠান, বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত কৃষি অর্থনীতিবিদগণ উপস্থিত ছিলেন।

## ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা



**১৫ আগস্ট ২০১৮ জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন**

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির উদ্যোগে ৩০ আগস্ট ২০১৮ বৃহস্পতিবার বিকেল ৩:৩০টায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তন, ফার্মগেট, ঢাকায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ও তাঁদের পরিবারের সকল শহীদ সদস্যদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়।




**১৫ আগস্ট ২০১৮ জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভায় মাননীয় প্রধান অতিথি মতিয়া চৌধুরী এমপি, বিশেষ অতিথি জনাব আসাদুজ্জামান নূর এমপি এবং আলোচকবৃন্দ**




১৫ আগস্ট ২০১৮ জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন কৃষি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মতিয়া চৌধুরী এম.পি

শোক দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি'র বক্তব্য রাখেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মতিয়া চৌধুরী এমপি। আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে আলাচনা সভায় মুখ্য আলোচকের বক্তব্য রাখেন প্রফেসর ড. এম এ সাত্তার মন্ডল, প্রফেসর এমেরিটাস, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়। জাতীয় শোক দিবসের আলোচনা সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি'র সম্মানিত সভাপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মানিত সচিব জনাব সাজ্জাদুল হাসান। জাতীয় শোক দিবস পালন উপ-কমিটির আহবায়ক হিসেবে জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন। আলোচনা শেষে ধন্যবাদ জ্ঞাপনমূলক বক্তব্য রাখেন প্রফেসর ড. এম কামরুজ্জামান, মহাসচিব, বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি।



১৫ আগস্ট ২০১৮ জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভায় উপস্থিত দর্শক শ্রোতাদের একাংশ

## বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির গঠনতন্ত্র সংশোধনী

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির গঠনতন্ত্র সংশোধনীর উদ্দেশ্যে গঠিত উপ-কমিটি গত ৩১ জুলাই ২০১৮, ১২ আগস্ট ২০১৮ এবং ১৬ আগস্ট ২০১৮ তারিখে অনুষ্ঠিত বিভিন্ন সভায় মিলিত হয়ে বিস্তারিত আলোচনা করেন। উপ-কমিটির প্রতিবেদন কিছু সংশোধনীসহ কার্যনির্বাহী পরিষদের ১৭ আগস্ট ২০১৮ তারিখে অনুষ্ঠিত চতুর্থ সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

কার্যনির্বাহী পরিষদের চতুর্থ সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, পরবর্তী বিশেষ সাধারণ সভায় বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির গঠনতন্ত্র সংশোধনীর প্রস্তাব উপস্থাপিত হবে ।

উল্লেখ্য যে, বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির গঠনতন্ত্রের অধিকতর সংশোধনী এবং যুগোপযোগীকরণের জন্য কার্যনির্বাহী পরিষদের প্রথম সভায় নিম্নে বর্ণিত সদস্য সমন্বয়ে একটি উপ কমিটি গঠন করা হয়ঃ

১. জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি- আহবায়ক
২. জনাব শুভঙ্কর সাহা - সদস্য
৩. প্রফেসর গোলাম হাফিজ কেনেডি - সদস্য
৪. প্রফেসর ড. মোহাম্মদ মিজানুল হক কাজল - সদস্য
৫. প্রফেসর ড. এম কামরুজ্জামান - সদস্য সচিব

পরবর্তীতে, কার্যনির্বাহী পরিষদের তৃতীয় সভায় গঠনতন্ত্রের অধিকতর সংশোধনী এবং যুগোপযোগীকরণের জন্য সমিতির কার্যনির্বাহী পরিষদের সম্মানিত সদস্য এবং অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় জনাব আবুল কালাম আজাদকে গঠনতন্ত্র সংশোধনীর উদ্দেশ্যে গঠিত উপ-কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করা হয়।

## টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে সেমিনার




সেমিনারে প্রধান অতিথি ও মুখ্য আলোচক হিসেবে অংশগ্রহণ করেন পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য (সিনিয়র সচিব) প্রফেসর ড. শামসুল আলম

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে সমাজের সকল অংশকে একসাথে কাজ করতে হবে। এ লক্ষ্যমাত্রা অর্জনে সরকার সব ধরনের সহযোগিতা প্রদান করবে। গত ১৫ সেপ্টেম্বর ২০১৮ সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে (সিকৃবি) "টেকসই উন্নয়ন লক্ষমাত্রা এবং বাংলাদেশ" শীর্ষক সেমিনারে প্রধান অতিথি ও মুখ্য আলোচক হিসেবে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য (সিনিয়র সচিব) প্রফেসর ড. শামসুল আলম এ কথা বলেন।

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা অনুষদ, সিলেটে বাস্তবায়নাধীন হেকেপ, উপ-প্রকল্প, সিপিএসএফ নং-৩৬২১ এর আয়োজনে উক্ত অনুষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ গোলাম শাহি আলম এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিন কাউন্সিলের আহবায়ক প্রফেসর ড. মোঃ আবুল কাশেম। সেমিনারে সভাপতিত্ব করেন কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন ও উক্ত প্রকল্পের এসপিএম প্রফেসর ড. জসিম উদ্দিন আহাম্মদ।

প্রধান পৃষ্ঠপোষকের বক্তব্যে প্রফেসর ড. মোঃ গোলাম শাহি আলম বলেন, আমাদেরকে সুস্থ ও সমৃদ্ধ জাতি হিসেবে প্রতিষ্ঠা পেতে হলে স্বাস্থ্য সম্মত খাদ্য উৎপাদন করতে হবে। তিনি বলেন, এসডিজি অর্জনে মানুষের আয় বৈষম্য কমাতে হবে এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় কর্মপন্থা নির্ধারণ করতে হবে।

প্রধান অতিথির বক্তব্যে ড. শামসুল আলম বলেন, এসডিজি বাস্তবায়নে দক্ষ জনশক্তির ভূমিকা অপরিসীম। এ ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পরিবারকে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে। তিনি বলেন, সরকার ২০৩০ সালের মধ্যে দারিদ্রতা ৩% এ নামিয়ে আনার লক্ষ্যে নিরলসভাবে কাজ করছে। এছাড়াও ক্ষুধার্ততার হার ২০২৫ সালের মধ্যে শূন্যের কোটায় নামিয়ে আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তিনি বলেন, অর্থনৈতিক উন্নয়ন, সামাজিক সমতা এবং অংশীদারিত্বের মাধ্যমে ধরিত্রিকে বাসযোগ্য করে তুলতে হবে।

সভাপতির বক্তব্যে প্রফেসর ড. জসিম উদ্দিন আহাম্মদ বলেন, সমন্বিত উদ্যোগের মাধ্যমে দ্রুত এসডিজি বাস্তবায়ন সম্ভব এবং ভবিষ্যতে ডেল্টাপ্লানসহ যুগোপযোগী বিভিন্ন বিষয়ে সেমিনার আয়োজন করার আশাবাদ ব্যক্ত করেন। উক্ত সেমিনারে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদীয় ডিন, বিভাগীয় চেয়ারম্যান, দপ্তর প্রধানসহ কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা অনুষদের ছাত্র-ছাত্রীবৃন্দ অংশগ্রহণ করেন।



**সেমিনারে প্রধান অতিথি ও মুখ্য আলোচক প্রফেসর ড. শামসুল আলম এবং উপস্থিত দর্শক শ্রোতাদের একাংশ**

**প্রকাশনায়ঃ**
বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি, ৩/২/৪-এ বড়বাগ, মিরপুর-২, ঢাকা-১২১৬ ।

**উপদেষ্টাঃ**
**জনাব সাজ্জাদুল হাসান**
সভাপতি, বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি ও
সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

**প্রফেসর ড. এম কামরুজ্জামান**
মহাসচিব, বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি ও
ডীন, কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়।

**সম্পাদকঃ**
**মিটুল কুমার সাহা**
প্রকাশনা সম্পাদক
বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি ও
সহকারী মহাব্যবস্থাপক (বিপণন)
হর্টেক্স ফাউন্ডেশন, ঢাকা।

**সহযোগী সম্পাদকঃ**
**গোবিন্দ কুমার ঘোষ**
দপ্তর সম্পাদক
বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি
ও
ডেপুটি ম্যানেজার
ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ

**ই-মেইলঃ**
baea_12@ymail.com
kamruzzaman@bsmrau.edu.bd,
mitulecon@gmail.com

**ওয়েবসাইটঃ** www.baea.org.bd

**মুদ্রণেঃ** নেক্সট প্রিন্টার্স, ঢাকা।
**মুদ্রণ সংখ্যাঃ** ৭০০ কপি।
**প্রথম প্রকাশঃ** সেপ্টেম্বর ২০১৮।

# কৃষি অর্থনীতি বার্তা

প্রকাশ উপলক্ষে

## বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির

প্রতি রইল আন্তরিক

# অভিনন্দন ও শুভ কামনা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
DHAKA
Dhaka North City Corporation
ঢাকা

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন